**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**17 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) কলকাতার আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের একজন আবাসিক চিকিৎসকের ধর্ষণ এবং হত্যার প্রতিবাদে আজ ভারতীয় চিকিৎসা সংস্থার ২৪ ঘন্টাব্যাপী জাতীয় ধর্মঘট কার্যসূচি পালন ।

২) গৌহাটি এবং শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল সহ রাজ্যের সব চিকিৎসা মহাবিদ্যালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের এই ধর্মঘট কার্যসূচিতে অংশ গ্রহণ ।

৩) রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস ৫ দিনের বরাক উপত্যকা সফরসূচি নিয়ে আজ শিলচর ।

এবং

৪) উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি সহ অন্যান্য কয়েকটি রাজ্যে আগামী ৬ দিন ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া বিজ্ঞান বিভাগের আগাম সতর্ক বার্তা জারী ।

---

কলকাতার আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের একজন আবাসিক চিকিৎসকের ধর্ষণ এবং হত্যার প্রতিবাদে আজ ভারতীয় চিকিৎসা সংস্থা ২৪ ঘন্টাব্যাপী

জাতীয় ধর্মঘট কার্যসূচি পালন করেছে । এই অনুসারে আজ দেশব্যাপী সকাল ৬টা থেকে জরুরী সেবার বাইরে অন্যান্য সেবা এবং ও পি ডি বন্ধ রাখা হয়েছিল । সংস্থা নিহত ওই চিকিৎসকের ন্যায় বিচার এবং স্বাস্থ্য কর্মীদের সুরক্ষার জন্য একটি কেন্দ্রীয় আইন প্রণয়ন করার আহ্বান জানিয়েছে ।

দেশব্যাপী এই ধর্মঘটের অংশ হিসেবে আসামেও আজ চিকিৎকরা প্রতিবাদী কার্যসূচি পালন করেছেন । গৌহাটি মেডিক্যাল কলেজ সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের মেডিক্যাল কলেজ ও হাসপাতালের এবং অন্যান্য চিকিৎসা প্রতিষ্ঠান গুলিতেও চিকিৎসকরা আজ ধর্মঘট কার্যসূচি পালন করেছেন । গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় এবং আঞ্চলিক দন্ত মহাবিদ্যালয়েও চিকিৎসকরা আজ শ্লোগান এবং প্লেকার্ড প্রদর্শন করে ধর্ষন ও হত্যাকান্ডের ঘটনার সঙ্গে যুক্ত দোষীদের দৃষ্টান্ত মূলক শাস্তি প্রদান করে চিকিৎসকদের নিরাপত্তা সুনিশ্চিত করতে সরকারের কাছে দাবী জানিয়েছেন ।

শিলচর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের জুনিয়র ডাক্তার সংস্থা এবং এস এম সি এইচ ছাত্র সংস্থা যৌথভাবে গত তিন দিন থেকে  কেন্ডেল মার্চ করে এই ঘটনার বিরুদ্ধে প্রতিবাদী কার্যসূচি পালন করে আসছে । এই যৌথ সংস্থা আহুত আজকের কেন্ডেল মার্চে এস এম সি এইচ-এর চিকিৎসক অধ্যাপক এবং কলেজের অধ্যক্ষও যোগ দিয়েছেন । জুনিয়র ডাক্তার সংস্থার সাধারণ সম্পাদক ডক্টর সলমন চৌধুরী জানিয়েছেন যে এই নারকীয় ঘটনার সঙ্গে যুক্ত দোষী ব্যাক্তিদের শাস্থি না হওয়া পর্যন্ত তারা প্রতিবাদী কার্যসূচি অব্যাহত রাখবেন । তবে সিনিওর চিকিৎসকদের উপস্থিতিতে শিলচর মেডিকেল কলেজের বর্হিবিভাগ চালু  রয়েছে বলেও তিনি জানিয়েছেন ।

করিমগঞ্জ জেলার পাথারকান্দি কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্রের এস ডি এম ও ডাক্তার বসন্ত কুমারের নেতৃত্বে অন্যান্য চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীরা ওই স্বাস্থ্যকেন্দ্রের একমাত্র জরুরূকালীন সেবা ছাড়া সব কিছু বন্ধ রেখে কলকাতা আর জি কর হাসপাতালের একজন আবাসিক চিকিৎসকের ধর্ষণ এবং হত্যার প্রতিবাদে আজ একযোগে কর্ম বিরতি পালন করেন । এই প্রতিবাদী কার্যসূচি চলাকালীন তারা শ্লগান ও প্লেকার্ড প্রদর্শন করে দোষীদের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবী জানান ।

---------------------------------------------------------------------------------------

অনুরূপভাবে  ফকরুদ্দিন আলী আহমেদ চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতাল , গোলাঘাট কুশল কোওয়র অসামরিক চিকিৎসালয় , নগাও চিকিৎসা মহাবিদ্যালয়, তিনসুকিয়া চিকিৎসা মহাবিদ্যালয়, কোকরাঝার চিকিৎসা মহাবিদ্যালয় এবং রূপনাথ ব্রম্ম অসামরিক চিকিৎসালয় সহ বিভিন্ন সরকারী চিকিৎসা প্রতিষ্ঠানে আজ সকাল থেকে

জরুরীকালীন সেবার বাইরে অন্যান্য সব ধরণের সেবা বন্ধ রাখা হয়েছিল । বেশ কয়েকটি বেসরকারী চিকিৎসা প্রতিষ্ঠানের চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীরাও আজ কালো বেজ ধারণ করে প্রতিবাদ কার্যসূচি পালন করেছেন ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল টেলিফোন যোগে বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারের মুখ্য উপদেষ্টা অধ্যাপক মহম্মদ ইউনুসের সঙ্গে কথা বলেছেন । আলোচনাকালে প্রধানমন্ত্রী গণতান্ত্রিক, সুস্থির, শান্তিপূর্ণ এবং প্রগতিশীল বাংলাদেশের প্রতি ভারতের সমর্থনের কথা পুণরায় উল্লেখ করেছেন । তিনি বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপের মাধ্যমে বাংলাদেশর জনসাধারণকে সহায়তা করার জন্য ভারতের প্রতিশ্রুতি কথাও স্মরণ করিয়ে দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, খাদ্য ও অসামরিক সরবরাহ ইত্যাদি বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাস পাঁচদিনের কার্যসূচী নিয়ে আজ শিলচরে এসে কাছাড়ের জেলা আয়ুক্তের সভাকক্ষে অনুষ্ঠিত জেলা গ্রামোন্নয়ন এবং খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগের আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা সভায় অংশ নেন। এই সভায় মন্ত্রী শ্রী দাসের কাছে কাছাড় জেলায় গতকাল পর্যন্ত পি এম এ ওয়াই জি প্রকল্পের ক্রমবর্ধমান অগ্রগতির প্রতিবেদন তুলে ধরা হয় । সভায় জানানো হয় যে- জেলার ১৫টি উন্নয়ন খন্ডে এই প্রকল্পের মোট এক লক্ষ এক হাজার ৬৭৮ টি বাসগৃহ নির্মাণের লক্ষ্যমাত্রার মধ্যে এবং মঞ্জুরীকৃত মোট এক লক্ষ এক হাজার ৪৬০ টি প্রকল্পের মধ্যে ৯৩ শতাংশের নির্মাণ কার্য সম্পূর্ণ হয়েছে । বাকি কাজগুলির অগ্রগতি ত্বরান্বিত করতে মন্ত্রী নির্দেশ দিয়েছেন । এছাড়া শ্রী দাসকে কাছাড় জেলার উন্নয়নখন্ড গুলিতে আধার সিডিং এর কাজের অগ্রগতি সম্পর্কে জানানো হয় যে- এই উন্নয়নখন্ড গুলির ছ'হাজার ৯৪৯ টি বাড়িতে পাঁচ হাজার ৪৬ টি আধার শিডিং করা হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার ৭৩ শতাংশ । এই সভায় তিন বিধায়ক- দীপায়ন চক্রবর্তী, কৌশিক রাই এবং মিহির কান্তি সোম, জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা, কাছাড় জেলা পরিষদের চেয়ারম্যান অমিতাভ রাই, মুখ্য কার্যবাহী আধিকারিক প্রণবকুমার বরা সহ জেলার বিভিন্ন উন্নয়ন খন্ডের আধিকারিকরা এবং খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগের বিভিন্ন আধিকারিকরা অংশ নেন।

রাজ্যের মন্ত্রী শ্রী দাস তার বরাক উপত্যকা সফরের তৃতীয় দিনে আগামী সোমবার হাইলাকান্দি যাবেন । ঐদিন তিনি সকাল সাড়ে দশটায় কাটলিছড়া উন্নয়ন খন্ড কার্যালয় পরিদর্শন করবেন এবং অমৃত সরোবর প্রকল্প সহ গ্রামোন্নয়ন

প্রকল্পগুলির কাজকর্ম খতিয়ে দেখবেন । এরপর তিনি লালা উন্নয়ন খন্ডের প্রকল্পগুলি পরিদর্শন করবেন । মন্ত্রী রঞ্জিত কুমার দাস এরপর সোমবার বিকেল তিনটায় হাইলাকান্দির দলীয় কার্যালয়ে বিজেপি কর্মকর্তাদের সঙ্গে মিলিত হবেন । পরে বিকেল সাড়ে চারটায় জেলা আয়ুক্তের কার্যালয়ে খাদ্য ও অসামরিক সরবরাহ, গ্রাহক পরিক্রমা, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের আধিকারিকদে সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন । তিনি ঐদিন হাইলাকান্দিতে থেকে পরদিন করিমগঞ্জ চলে যাবেন ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ পরবর্তী ৬ দিন দেশের পূর্ব ও মধ্য ভাগে ভারী বৃষ্টিপাত হতে পারে বলে আগাম সতর্কতা বার্তা জারী করেছে । বিভাগ জানিয়েছে যে উত্তর-পশ্চিম বঙ্গোপ সাগর এবং নিকটবর্তী পশ্চিমবঙ্গে সৃষ্টি হওয়া নিম্ন চাপের প্রভাবে আগামী ২২ আগষ্ট পর্যন্ত আসাম , মেঘালয় , নাগাল্যান্ড , মনিপুর , মিজোরাম , ত্রিপুরা , সিকিম এবং অরুণাচল প্রদাশ ছাড়াও দেশের অন্যান্য কয়েকটি রাজ্যে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । এই অনুসারে আগামী ২৪ ঘন্টায় শিলচর সহ গৌহাটি , গোলাঘাট , যোরহাট , উত্তর লক্ষিমপুর ছাড়াও রাজ্যের অন্যান্য কয়েকটি প্রধান প্রধান অঞ্চলে বজ্র-বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া বিজ্ঞান বিভাগ আগাম সতর্কতা বার্তা জারী করেছে ।

---------------------------------------------------------------------------------------------

NEET, JEE, CUET সহ জাতীয় পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্র-পত্র পূরণের সময়ে আধার নম্বরের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ বিদ্যালয়গুলিতে বায়োম্যাট্রিক আপডেটের জন্যে আধার শিবির খোলার প্রক্রিয়া আরম্ভ করেছে । পর্ষদের সচিব আজ রাজ্যের বিদ্যালয়সমূহের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের এই সম্পর্কে যাবতীয় তথ্য দাখিল করার নির্দেশ দিয়ে বিজ্ঞপ্তি প্রেরণ করেছেন। এই নির্দেশ অনুসারে বিদ্যালয়সমূহকে পাঁচ বছর থেকে সাত বছর এবং ১৫ বছর থেকে ১৭ বছর বয়সের ছাত্রছাত্রীর সংখ্যা, আধার শিবির স্থাপনের জন্যে উপযুক্ত সময় সহ অন্যান্য যাবতীয় তথ্য আগামী দশই সেপ্টেম্বরের মধ্যে দাখিল করতে বলা হয়েছে । উল্লেখ্য- বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় ছাত্রছাত্রীদের প্র-পত্র পূরণের ক্ষেত্রে অনুভব করা জটিলতা দূর করার জন্য দেশজুড়ে বিদ্যালয়গুলিতে আধার শিবির স্থাপন করে বায়োম্যাট্রিক আপডেট করা সহ ছাত্রছাত্রীদের মোবাইল নম্বর সংযোগের ব্যবস্থা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট রোহণ কুমার ঝা ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের কাছাড় জেলা অংশ দিয়ে উগ্রপন্থীদের সম্ভাব্য অনুপ্রবেশ রোধ এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ সহ অবৈধ চোরাচালান, গোবাদি পশুর পাচার ইত্যাদি যাবতীয় অবৈধ কাজকর্ম রোধ করতে ভারতীয় ফৌজদারী কার্যবিধির ভারতীয় ন্যায় সংহিতার ধারা - ১৬৩ এর অধীনে আর্ন্তজাতিক সীমান্তে জারী থাকা নিষেধাজ্ঞার মেয়াদ বাড়িয়ে দিয়েছেন । এই মর্মে প্রকাশিত এই নিষেধাজ্ঞায় জানানো হয়েছে যে-ভারত-বাংলাদেশ সীমান্তের কাছাড় জেলা অংশে এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত কেউ চলাফেরা করতে পারবেননা । সুরমা নদীতে বা এর তীরবর্তী এলাকায়ও এই সময়ে কেউ চলাফেরা করতে পারবেন না । তবে সুরমা নদীতে মাছ ধরার জন্য স্থানীয় নাগরিকদের কাটিগড়া সার্কেল অফিসার নির্ধারিত নিয়ম নীতির ভিত্তিতে মাছ ধরার লেসি দিতে পারবেন । এছাড়া সীমান্তের পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কেউ ঠেলা, রিক্সা বা অন্যান্য যানবাহন দিয়ে চাল, চিনি, কেরোসিন ইত্যাদি নিয়েও চলাফেরা করতে পারবেন না । তবে কাটিগড়া সার্কেল অফিসারের কাছ থেকে পারমিট নিয়ে এই সামগ্রীগুলি নিয়ে চলাচল করা যাবে । এই নিষেধাজ্ঞা রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না । এই আদেশ আজ থেকে আগামী দুমাস বলবৎ থাকবে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বাঞ্চল বার কাউন্সিলের এক সভা আজ গুয়াহাটি জেলা গ্রন্থাগারে অনুষ্ঠিত হয়েছে । সভায় বার কাউন্সিলে নতুন করে অর্ন্তভুক্ত হওয়া ছশোজন নবাগত আইনজীবিকে ওকালতি করার জন্য যাবতীয় অনুজ্ঞা পত্র প্রদান করা হয় । এই অনুষ্ঠানে গৌহাটি হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি অরূপ কুমার গোস্বামী সহ বেশকয়েকজন বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

ধলাইতে অনুষ্ঠিত মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় এ আর ভাগা এফ সি দল অন্তিম দল হিসেবে দ্বিতীয় রাউন্ডে প্রবেশ করেছে । ধলাইয়ের বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আজকের খেলায় তারা ৩-১ গোলে কালার হাওর এফ সি দলকে পরাজিত করেছে । এ আর এফ সি দলের খেলোয়াড় আলফ্রেড এই খেলায় হ্যাট্রিক করে এদিনের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন । এই টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের প্রথম খেলায় আগামী মঙ্গলবার নতুন বাজার এফ সি দল ফাওয়া এফ সি দলের বিরুদ্ধে খেলবে ।

---------------------------------------------------------------------------------------